রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩, ১৯৭৫

পাট মন্ত্রণালয়

পাট বিভাগ

ঢাকা, ২৯শে মার্চ ১৯৭৫।

নং এস, আর, ও, ১২৪-এল/৭৫/শাখা ৫-এ, পি-১(৮)/৭৪-৭৫-জে, ডি(৩য়)—১৯৭২ সনের বাংলাদেশ পরিত্যক্ত সম্পত্তি (নিয়ন্ত্রণ, পরিচালনা এবং হস্তান্তর) আদেশ-এর ৫(২) ধারা মোতাবেক সরকার পাট বিভাগের যুগ্ম-সচিব, জনাব কাজী জাহেদুর রহমানকে পরিত্যক্ত সম্পত্তি র‍্যালী (পাকিস্তান) লিমিটেড কোম্পানীর প্রশাসক হিসাবে নিযুক্ত করিলেন। তিনি পুনরাদেশ না হওয়া পর্যন্ত পাট বিভাগের নিয়ন্ত্রণাধীনে উপরোক্ত কোম্পানীর ব্যাংক-হিসাব (Operation of Bank Accounts) সহ যাবতীয় কার্যাদি তাঁহার নিজ দায়িত্বের অতিরিক্ত কাজ হিসাবে পরিচালনা করিবেন।

পি, কে, সরকার
উপ-সচিব।

---

**Dacca, the 29th March 1975.**

**No. S. R. O. 124-L/75/S-V-AP-1(8)/74-75-JD(Part III).**—In exercise of the power given under article 5(2) of the Bangladehs Abandoned Property (Control, Management and Disposal) Order, 1972 the Government is pleased to appoint Mr Kazi Zahedur Rahman, Joint Secretary, Jute Division as Administrator for Ralli (Pakistan) Ltd. taken over by Government as abandoned property under P.O. 16 of 1972.

The Administrator shall manage the concern and generally conduct all its affairs including the operation of the Bank Accounts subject to the overall supervision of the Jute Division.

P. K. SARKER
*Deputy Secretary.*



মূল্যঃ ১২ পয়সা।

## MINISTRY OF COMMUNICATIONS

**Dacca, the 3rd April 1975**

**S.R.O. 125-L/75.**—In exercise of the powers conferred by section 16 of the Motor Vehicles Tax Act, 1932 (Ben. Act I of 1932), the Government is pleased to exempt the following two motor vehicles of the Army Welfare Directorate specified in the Schedule below from the whole of the tax payable thereon under the said Act:

**The Schedule**

1. Motor Vehicle No. Dacca Cha-205.
2. Motor Vehicle No. Dacca-Cha-206.

By order of the President
S. A. A. MEERZA
*Deputy Secretary.*

---

## বাংলাদেশ নির্বাচন কমিশন

বিজ্ঞপ্তিসমূহ

ঢাকা, ৩রা এপ্রিল ১৯৭৫।

**নং ৮-৪/৭৪/নি-১(ক)**—ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (নির্বাচন) নিয়মাবলী, ১৯৭০-এর ১২(১) নিয়মানুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন টংগী পৌরসভার নির্বাচনের জন্য নিম্নলিখিত তারিখসমূহ ধার্য করিতেছেন:

(ক) প্রার্থীদের মনোনয়ন-পত্র দাখিল .. .. ১৪ই এপ্রিল, ১৯৭৫
(খ) মনোনয়ন পত্র বাছাই .. .. .. ১৬ই এপ্রিল, ১৯৭৫
(গ) প্রার্থীপদ প্রত্যাহারের শেষ তারিখ .. .. ২৩শে এপ্রিল, ১৯৭৫
(ঘ) ভোট গ্রহণের দিন .. .. .. ১০ই মে, ১৯৭৫

**নং ৮-৪/৭৪/নি-১(খ)**—ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (নির্বাচন) নিয়মাবলীর ১৯৭০-এর, ৮ নিয়মানুসারে বাংলাদেশ নির্বাচন কমিশন টংগী পৌরসভার নির্বাচনী এলাকাসমূহ হইতে কমিশনার চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান এর নির্বাচনের জন্য নিম্নোক্ত তফসীলের ১ ও ২ কলামে উল্লেখিত অফিসারসমূহকে যথাক্রমে রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছেন:

তফসীল

| রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|
| ১ | ২ |
| ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর<br>এবং<br>দ্বিতীয় অফিসার, সদর (উত্তর), ঢাকা। | নির্বাচন অফিসার-৩,<br>সদর (উত্তর), ঢাকা। |

বাংলাদেশ নির্বাচন কমিশনের আদেশক্রমে
আহমদ হোসেন,
উপ-সচিব।

প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী দপ্তর

(আমদানী বাণিজ্য নিয়ন্ত্রক)

পাবলিক নোটিশ নং ২৫(৭৫)/আমদানী

ঢাকা, ৩১শে মার্চ ১৯৭৫ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে ইনডেনটিং রেজিষ্ট্রেশনের মেয়াদ আগামী ৩০শে জুন ১৯৭৫ইং তারিখ পর্যন্ত বর্ধিত করা হইয়াছে। যাহারা এই পর্যন্ত ১৯৭৫ সালের রিনিউয়াল ফি জমা দেন নাই তাহারা এক হাজার টাকার মূল চালানসহ ইন্-ডেন্টিং রেজিষ্ট্রেশন তাহাদের নিজস্ব এলাকায় আমদানী ও রপ্তানী দফ্‌তরে জমা দিয়ে রিনিউ করাইতে হইবে।

মনজুর আহাম্মদ

সহকারী নিয়ন্ত্রক।

---

বাণিজ্য ও বহির্বাণিজ্য মন্ত্রণালয়

(বাণিজ্য বিভাগ)

বিজ্ঞপ্তি সমূহ

ঢাকা, ২৭শে মার্চ, ১৯৭৫।

নং কম/পি. এফ/সি.জি/আর-১(২৯)/৭৪—১৯৭০ সালের অত্যাবশ্যক দ্রব্যাদির মূল্য ও সরবরাহ আদেশের ৩ নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে আমি, এম, আর. দেওয়ান, দ্রব্যমূল্য ও সরবরাহের মহা-নিয়ন্ত্রক, এতদ্বারা টি, সি, বি, কর্তৃক আমদানীকৃত ও চট্টগ্রাম ইস্পাত কারখানায় উৎপাদিত নিম্ন-বর্ণিত প্রতি টন ঢেউ টিনের চট্টগ্রামের "এক্স গোডাউন" ও "এক্স-ফ্যাক্টরীর" মূল্য নির্দ্ধারণ করিলাম:

| বিবরণ | পরিমাণ | প্রতি লং টনের সর্বোচ্চ বিক্রয় মূল্য এক্স-গোডাউন/এক্স-ফ্যাক্টরী। |
|---|---|---|
| (১) ২৪ জি .. | ৫,৭০২·৮৮ লং টন | টাকা ৯,৩১২·০০ |
| (২) ২৬ জি .. | ৫,৮৬৪·৩৫ ,, | টাকা ৯,৮৪১·০০ |

ঢাকা, ৩১শে মার্চ, ১৯৭৫।

নং কম/সি.জি/পি, এফ-১(৪৩)/৭৪—১৯৭০ সালের অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্য ও সরবরাহ আদেশের ৩ নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে আমি, এম, আর, দেওয়ান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দ্রব্যমূল্য ও সরবরাহের মহানিয়ন্ত্রক, এতদ্বারা মেসার্স পূর্বদেশ সাইকেল ইণ্ডাষ্ট্রীজ, ঢাকা কর্তৃক সংযোজিত 'এশিয়ান বাইক' বাইসাইকেল-এরসর্বোচ্চ পাইকারী/খুচরা বিক্রয় মূল্য নিম্নরূপ ধার্য্য করিলাম:

| পণ্যের বিবরণ। | পরিমাণ। | পাইকারী মূল্য। | খুচরা মূল্য। |
|---|---|---|---|
| 'এশিয়ান বাইক' বাইসাইকেল প্রতিটি | | .. | টা: ৭৭৫·০০(টাকা সাত শত পঁচাত্তর মাত্র)। |

নং কম/সি,জি/পি, এক-১(৫১)/৭৩—১৯৭০ সালের অত্যাবশ্যকীয় দ্রব্যাদির মূল্য ও সরবরাহ আদেশের ৩ নং অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে আমি, এম, আর, দেওয়ান, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দ্রব্যমূল্য ও সরবরাহের মহানিয়ন্ত্রক, এতদ্বারা মেসার্স মির্জাবো অয়্যার ম্যানুঃ এণ্ড ইণ্ডাষ্ট্রীজ লিঃ, চট্টগ্রাম কর্তৃক উৎপাদিত জি, আই, অয়্যার-এর সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য নিম্নরূপ ধার্য্য করিলাম:

| পণ্যের বিবরণ। | পরিমাণ। | পাইকারী মূল্য। | খুচরা মূল্য। |
|---|---|---|---|
| জি, আই, অয়্যার (থিকার ৬–১৬ গঃ) .. | প্রতি টন | .. | টাকা ১৩,৫৬৪ (টাকা তের হাজার পাঁচশত চৌষট্টি মাত্র)। |
| জি, আই, অয়্যার (থিনার ১৮–২৪ গঃ) .. | ঐ | .. | টাকা ১৫,০০০ (টাকা পনের হাজার মাত্র) |

এম, আর, দেওয়ান
মহা নিয়ন্ত্রক।

স্পেশাল অফিসার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
এসিসটেন্ট কন্ট্রোলার-ইন-চার্জ, বাংলাদেশ ফরমস্ এণ্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা, কর্তৃক প্রকাশিত।